

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ১৭ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/০১ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : ৬৩তম সিপিএ কনফারেন্স অনুষ্ঠান সংক্রান্ত যাবতীয় ব্যয়ের ক্ষেত্রে ভ্যাট মওকুফ প্রদান।

নং ১৮/মূসক/২০১৭—যেহেতু, ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্স (সিপিএ) বাংলাদেশ জাতীয় সংসদ ও কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন (সিপিএ) এর মৌখিক উদ্যোগে ঢাকায় অনুষ্ঠিত হইবে এবং ইহাতে দেশের ভাবমূর্তি সম্মুল্লত রাখিবার লক্ষ্যে প্রচুর সরকারি অর্থ ব্যয় হইবে বিধায় বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় হইতে ব্যয় সংকোচনের নীতি অবলম্বনপূর্বক সরকারি অর্থ সাঞ্চয়ের পর্যবেক্ষণ প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু, কমনওয়েলথ বিশ্বের বিভিন্ন দেশ হইতে পাঁচশত জনেরও অধিক সংসদ সদস্য, কর্মকর্তা এবং নীতি নির্ধারক এই কনফারেন্সে অংশগ্রহণ করিবেন বিধায় সম্মেলনটি বাংলাদেশের জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মর্যাদাকর অনুষ্ঠান এবং ইহার সুষ্ঠু ও সফল আয়োজন বহির্বিষ্টে বাংলাদেশের ভাবমূর্তিকে উজ্জ্বল করিবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলো, বাংলাদেশ জাতীয় সংসদ ও কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন (সিপিএ) এর মৌখিক উদ্যোগে আয়োজিত ঢাকায় ৬৩তম সিপিএ কনফারেন্স সংশ্লিষ্ট আপ্যায়নসহ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় কর্তৃক নির্ধারিত উক্ত সম্মেলনের সহিত সরাসরি সম্পৃক্ত অন্যান্য ব্যয়ের ক্ষেত্রেও আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিরুর রহমান

চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৬৭৬৯)

মূল্য : টাকা ৪.০০